যায়যায়দিন

তারিখ ... 05 NOV 2007 ...
পৃষ্ঠা ৮৬ কলাম ২

চবিতে সাংবাদিকতা নিষিদ্ধ

# শিক্ষা মন্ত্রণালয় অন্ধকারে

যাযাদি রিপোর্ট

শিক্ষা উপদেষ্টা, শিক্ষা সচিব, অতিরিক্ত শিক্ষা সচিবকে না জানিয়েই চট্টগ্রাম ইউনিভার্সিটিতে সাংবাদিকতা নিষিদ্ধ করা হয়েছে। চট্টগ্রাম ইউনিভার্সিটিতে সাংবাদিকতাসহ ছাত্রদের পার্টটাইম জব নিষিদ্ধের খবর পত্রিকায় প্রকাশিত হলে সরকারের উর্ধ্বতন মহলে তোলপাড় শুরু হয়। গতকাল, রবিবার সকালেই শিক্ষা উপদেষ্টা আইয়ুব কাদরী বিষয়টি নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। শিক্ষা সচিব মোঃ মোমতাজুল ইসলামও বিষয়টি সম্পর্কে খোঁজ নেন।

শিক্ষাবিদ এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মুহম্মদ জাফর ইকবাল গতকাল যায়যায়দিনকে বলেন, ছাত্রদের পার্টটাইম জব নিষিদ্ধ করা একটা পৃ ১৫ ›› ক ১

## শিক্ষা মন্ত্রণালয় অন্ধকারে

(শেষ পৃষ্ঠার পর)

অবিশ্বাস্য বিষয়। সে সঙ্গে ছাত্রদের সাংবাদিকতা নিষিদ্ধ করার ফলও শুভ হতে পারে না। সারা পৃথিবীতেই ছাত্ররা সাংবাদিকতাসহ পার্টটাইম জব করছে। পার্টটাইম জব নিষিদ্ধ করার বিষয়টি আমাদের সংবিধান পরিপন্থী।

গত শনিবার চট্টগ্রাম ইউনিভার্সিটির ছাত্রদের সাংবাদিকতাসহ পার্টটাইম জব থেকে বিরত থাকার নির্দেশ দেয়া হয়। চট্টগ্রাম ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ জহুরুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, সাংবাদিকতাসহ অন্য পেশায় নিয়োজিত ছাত্রদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, শিক্ষা মন্ত্রণালয়ের ২০০৭ সালের ১১ অক্টোবর শা : ১৮/বিবিধ/২০০৭/৭৭৭ নাম্বার স্মারকের পরিপ্রেক্ষিতে কোনো শিক্ষার্থী ছাত্র অবস্থায় চাকরি করতে পারবে না। এ বিজ্ঞপ্তি জারির পরও যেসব শিক্ষার্থী সাংবাদিকতাসহ অন্যান্য পেশায় থাকবে তাদের ব্যাপারে ব্যবস্থা নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে অবহিত করা হবে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একজন সাবেক চেয়ারম্যান বলেন, সারা পৃথিবীতেই ছাত্রদের পার্টটাইম জব স্বীকৃত। পশ্চিমি দেশগুলো ছাত্রদের পার্টটাইম জব করার সুযোগ করে দেয়। তারা নির্দিষ্ট করে বলে দেয়, ছাত্ররা সপ্তাহের কতো ঘণ্টা জব করতে পারবে। বাংলাদেশের সব পাবলিক ইউনিভার্সিটির বেশির ভাগ ছাত্রছাত্রী লেখাপড়ার পাশাপাশি পার্টটাইম জব করে। খোদ ঢাকা ইউনিভার্সিটির ছাত্রছাত্রীরা লেখাপড়ার পাশাপাশি নানা ধরনের কাজ করছে। অনেক ছাত্রছাত্রীর পক্ষেই পরিবার থেকে দেয়া টাকা দিয়ে মাস চলা সম্ভব নয়। তারা বাধ্য হয় পার্টটাইম জব করতে। তিনি এ সিদ্ধান্ত বাতিলের দাবি জানান।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, আজই ছাত্রদের স্বার্থ বিরোধী এ আদেশ বাতিল করা হতে পারে।

### চবির সার্কুলারটির ব্যাপারে বক্তব্য

চট্টগ্রাম ইউনিভার্সিটিতে গত শনিবার জারি করা সার্কুলারটি বিভিন্ন পত্রিকার ইউনিভার্সিটি প্রতিনিধিদের জন্য প্রযোজ্য হবে না বলে জানিয়েছেন চবি ভিসি প্রফেসর ড. এম বদিউল আলম। গতকাল রবিবার সকাল সাড়ে ১১টায় চবি সাংবাদিক নেতাদের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ কথা জানান। তিনি আরো বলেন, ওই সার্কুলারটি পে-স্কেলভুক্ত সাংবাদিক এবং অন্যান্য পেশায় নিয়োজিত ছাত্রদের জন্য প্রযোজ্য হবে।

উল্লেখ্য, গত শনিবার চবি ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ জহুরুল ইসলাম স্বাক্ষরিত এক সার্কুলারে ইউনিভার্সিটির নিয়ম ভঙ্গ করে যেসব শিক্ষার্থী সাংবাদিকতাসহ অন্যান্য পেশায় নিয়োজিত থাকবে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণপূর্বক শিক্ষা মন্ত্রণালয় এবং ইউজিসিকে অবহিত করা হবে বলে জানানো হয়।